

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ১৯ ডিসেম্বর, ২০১৬ ইংরেজি।

প্রতি: নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হতে: পরিচালক

বিষয়: সংস্থার কর্মীদের বেতন কাঠামো রিভিউ ও ইনক্রিমেন্ট নীতিমালা ২০১৭ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে সংস্থার কর্মীদের নতুন বেতন কাঠামো যে নীতিমালার উপর ভিত্তি করে রিভিউ করা হয়েছে তা আপনাদের অবগতির জন্য নিম্নে উল্লেখ করা হলো:

১. পটভূমি : ব্যবস্থানার নির্দেশক্রমে গত নভেম্বর ২০১৬ মাসে উপ পরিচালক-বাজেট ও অর্থ এবং সহকারী পরিচালক-মৌলিক কর্মসূচির সমন্বয়ে গঠিত টিম পুরোনো বেতন কাঠামো পর্যালোচনা ও সংস্থার আয়ের সাথে সমন্বয় করে প্রস্তাবিত নতুন কাঠামো তৈরি করেন। এ প্রক্রিয়ায় কমিটি ক্ষুদ্রঋণ সেক্টরে কর্মরত ১৫টি বড়, মাঝারী ও ছোট সংস্থার বেতন কাঠামো বিশ্লেষণ করেন। পাশাপাশি ব্যবস্থানার নির্দেশে নীরিক্ষা বিভাগ ও ক্ষুদ্রঋণ কর্মসূচি বিভাগের এমআইএসের প্রধানের সমন্বয়ে গঠিত অরেকটি কমিটি কর্মীদের জীবন-যাত্রার ব্যয় পর্যালোচনা করেন। সবশেষে উপরোক্ত দুটো কমিটি যৌথভাবে প্রস্তাবিত নতুন কাঠামো পুনঃপর্যালোচনা করেন। তাছাড়া উপ-পরিচালক-আইএ এন্ড এমই এবং পরিচালক উক্ত কমিটি দুটিকে সর্বোত্তম সহায়তা করেন।
২. তারপর উক্ত বেতন কাঠামো-২০১৭, গত ১৬ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত ৯২তম বোর্ড সভায় অনুমোদিত হয়েছে এবং এটি আগামী ১ জানুয়ারি ২০১৭ তারিখ থেকে কার্যকরী হবে।
৩. আমাদের একটি কথা মনে রাখতে হবে যে কোন প্রতিষ্ঠানের বেতন কাঠামো রিভিউ করা হলে নতুন কর্মীগণ অপেক্ষাকৃত বেশী সুযোগ পেয়ে থাকেন। আমাদের ক্ষেত্রেও এ বিষয়গুলো বিবেচনায় রেখে নতুন বেতন কাঠামো প্রস্তুত করা হয়েছে। এর জন্য পুরাতন কর্মীগণের কোন প্রশ্ন তোলা ঠিক হবে না।
৪. এমনভাবে একজন কর্মীর বেতন নির্ধারণ করা হবে যাতে করে সংস্থায় ২০ বছর কাজ করার পর সেই কর্মী বাড়ি করার জন্য একটা বড় অংশ তার জমানো টাকা থেকে খরচ করতে পারবেন।
৫. এক নজরে নতুন অনুমোদিত কাঠামোতে পরিবর্তনের হার:

পদের নাম	কাঠামো বৃদ্ধি	ইনক্রিমেন্ট	মোট
সেবা কর্মী	১৫%	১৩%	২৮%
ড্রাইভার	১৫%	১১%	২৬%

পদের নাম	কাঠামো বৃদ্ধি	ইনক্রিমেন্ট	মোট
সিডিও	১৭%	১০%	২৭%
শাখা ব্যবস্থাপক	১৬%	১০%	২৬%
এএম/এসি	১৫%	১০%	২৫%
আরপিসি/সমন্বয়কারী	১৪%	১০%	২৪%
প্রধান	১৪%	৯%	২৩%
সহকারি পরিচালক	১৩%	৯%	২২%
উপ-পরিচালক	১২%	৯%	২১%
পরিচালক	৬%	৯%	১৫%
নির্বাহী পরিচালক	৭%	৮%	১৫%
গড়	১৪.৫%	৯.৮%	২৪.২%

এখানে উল্লেখ্য যে উক্ত শতকরা হারের উপরে কারো বেতন নির্ধারিত হবে না। নির্দিষ্ট কাঠামোতে ফেলতে গিয়ে কারো হয়তো উক্ত শতকরা হারের চেয়ে বেতন কম বৃদ্ধি হতে পারে। তাছাড়া এ বছর কাকেও ডাবল ইনক্রিমেন্ট দেয়া হবে না।

৬. গ্রাম/শহরতলী/জেলা শহর এলাকা এবং ঢাকার বেতন কাঠামোর পার্থক্য (বেসিকের উপর):

এলাকা	বাড়ি ভাড়া	যাতায়ত	আপ্যায়ন	যোগাযোগ
গ্রাম/শহরতলী/জেলা শহর	৪০%	১৫%	১৫%	১০%
ঢাকা	৫০%	২০%	২০%	১০%

৭. বেতন কাঠামোর আলোকে যে ভাবে কর্মীদের বেতন ঠিক করা হবে তা হলো:

ধরা যাক 'X' একজন ঋণ ও উন্নয়ন কর্মকর্তা। তার এখন মাসিক বেতন ১০,০০০ টাকা। রিভিউ (১৭%) হয়ে তার বেতন হবে ১১৭০০ টাকা। তারপর তার একটি বাৎসরিক ইনক্রিমেন্ট (১০%) হয়ে হবে ১২৮৭০ টাকা। অর্থাৎ ১ জানুয়ারি ২০১৭ তারিখে তার টেক হোম বেতন হবে ১২৮৭০ টাকা।

৮. পূর্বের বেতন কাঠামোতে সিডিও : নির্বাহী পরিচালক ছিল ১ঃ৯.১ এবং বর্তমান কাঠামো অনুযায়ী এটা হয়েছে ১ঃ৮.৯।

৯. বেতন কাঠামো অনুযায়ী বেতন স্থির করার পরও একজন কর্মী তার বেসিকের ১০% পিএফ, ২ টি বেসিকের সমান একটি বছরভিত্তিক গ্রেডুয়িটি, ২ টি বেসিকের সমান ২ টি উৎসব ভাতা পাবেন। তাছাড়া নীতিমালা অনুযায়ী চিকিৎসা ভাতাও বাৎসরিকভিত্তিতে একজন কর্মীকে প্রদান করা হবে।
১০. যে সব কারণে কোন কর্মীকে ইনক্রিমেন্ট দেয়া হবে না কিন্তু তিনি রিভিও এর আওতায় আসবেন:
- ক. ২০১৬ সালে সাময়িক চাকুরিচ্যুত হলে।
- খ. ২০১৬ সালে ২ বার কারণ দর্শানো নোটিশের অভিযোগ প্রমাণিত হলে।
- গ. ২০১৬ সালে ২ বার অডিট হিয়ারিং এ আসলে।
- ঘ. ২০১৬ সালে ২৫০০ টাকার বেশী আত্মসাত থাকলে।
- ঙ. ২০১৬ সালের নির্দিষ্ট ফরমেট অনুযায়ী তত্ত্বাবধায়ক কর্তৃক এপ্রাইজাল না থাকলে।
১১. বেতন রিভিও এবং বৃদ্ধির পর ব্যবস্থাপনার পক্ষ থেকে একটি আপিল কমিটি গঠন করা হবে যেখানে বেতন সম্পর্কে কারো কোন অভিযোগ থাকলে তা গ্রহণ করা হবে এবং নির্দিষ্ট নীতিমালা অনুযায়ী তা নিষ্পত্তি করা হবে।
১২. চুক্তিভিত্তিক এবং দাতা সংস্থার প্রকল্পের কর্মীগণ এ বেতন কাঠামোর আওতায় আসবেন না।
১৩. এ নীতিমালার সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে যেকোন মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর সাথে আগামী ২৯ ডিসেম্বর ২০১৬ তারিখের মধ্যে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
১৪. এ নীতিমালাটি আগামী এমসিএমসহ ২ টি সভায় আলোচনা করতে হবে এবং তারপর সকলের স্বাক্ষর হয়ে নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

ধন্যবাদসহ



সনত কুমার ভোমিক

অনুলিপি:

নির্বাহী পরিচালক

সকল উপ ও সহকারী পরিচালক

অফিস কপি